মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।
Web: www.mgmcl.gov.bd

**নম্বর:** ২৮.১৭.০০০০.০০০.২১২.২৪.০০০১.২০.১৫১

তারিখ: ৪ আষাঢ় ১৪৩৩
১৮ জুন ২০২৬

বিষয়: **বিজ্ঞপ্তি/নোটিশ**

মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল)-এর সকল কর্মকর্তা-কর্মচারী বিধি মোতাবেক নির্দিষ্ট সময়ে ৯:০০-৪:০০ অফিসে উপস্থিত/প্রস্থান করবেন। সকাল ৯:০০ ঘটিকার মধ্যে সকল কর্মকর্তা-কর্মচারী অফিসে উপস্থিত হয়ে ডিজিটাল ফিঙ্গার প্রিন্ট দিয়ে অফিসে প্রবেশ করবেন এবং হাজিরা খাতায় নির্দিষ্ট আগমন/প্রস্থানের ঘরে স্বাক্ষর করবেন। উল্লেখ্য, অনুমতি ব্যতীত বিকাল ৪:০০ ঘটিকার পূর্বে কেউ অফিস ত্যাগ করবেন না। তবে মধ্যাহ্ন ভোজ ও প্রার্থনার জন্য সরকারি নির্দেশনা বহাল থাকবে। বিভাগীয় প্রধানগণ নিজ নিজ অধীনস্থদের আগমন ও প্রস্থান নিশ্চিত করবেন।

২।এছাড়া, অফিস সময়ের পরেও অফিস ত্যাগ করার সময়, বিভাগীয় প্রধানের অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীগণ নিজ নিজ বিভাগীয় প্রধানের, বিভাগীয় প্রধানগণ নিজ নিজ ডিভিশন প্রধানের এবং ডিভিশন প্রধানগণ ব্যবস্থাপনা পরিচালক মহোদয় (যদি অফিসে উপস্থিত থাকেন)-এঁর অনুমতি গ্রহণ করবেন।

৩। উল্লেখ্য যে, সকল বিভাগ/ডিপার্টমেন্ট প্রধানগণ স্ব স্ব বিভাগের হাজিরা খাতা সংরক্ষণ করবেন যা সকাল ৯:৩০ এর পর যে কোনো সময় প্রশাসন বিভাগ কর্তৃক ক্লোজ করা হতে পারে। সেক্ষেত্রে কোন কর্মকর্তা-কর্মচারীর স্বাক্ষর হাজিরা খাতায় না থাকলে কোম্পানির চাকুরী প্রবিধানমালা-১৯৯৬ (সংশোধিত) ২০০৫ ও এতদবিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত বিধিমালা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। কর্তৃপক্ষের নির্দেশ/অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

১৮-০৬-২০২৬
মোঃ নূর মাহমুদ হোসেন
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড।
২। সকল মহাব্যবস্থাপক, এমজিএমসিএল।
৩। সকল উপ-মহাব্যবস্থাপক, এমজিএমসিএল।
৪। সকল ব্যবস্থাপক, এমজিএমসিএল।
৫। সকল উপব্যবস্থাপক, এমজিএমসিএল।
৬। সকল সহকারি ব্যবস্থাপক, এমজিএমসিএল।।
৭। সকল কর্মচারী, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড।